রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একটি সৈন্যদল পাঠান যাদের ঠান্ডা পেয়ে বসল। তারপর যখন তারা রাসূলুল্লাহর নিকট গমন করলো, তিনি তাদের আদেশ দিলেন যে, তারা যেন তাদের মোজা ও পাগড়ীর ওপর মাসেহ করে।

সাওবান রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু
আলাইহি ওয়াসাল্লাম একটি সৈন্যদল পাঠান যাদের ঠান্ডা পেয়ে বসল। তারপর যখন তারা রাসূলুল্লাহর নিকট গমন করলো, তিনি তাদের আদেশ দিলেন যে, তারা যেন তাদের মোজা ও
পাগড়ীর ওপর মাসেহ করে।
[সহীহ] [এটি আবূ দাঊদ বর্ণনা করেছেন। - এটি আহমাদ বর্ণনা করেছেন।]

সাওবান রাদিয়াল্লাহু আনহু সংবাদ দেন যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদের একটি জামাতকে কাফিরদের সাথে যুদ্ধ করার জন্য প্রেরণ করেন। তাদের চলার পথে অধিক ঠান্ডার কারণে মোজা ও পাগড়ী খোলা কষ্টকর ছিল। তারপর তারা যখন মদীনায় গমন করলেন বিষয়টি তারা আল্লাহর রাসূলকে অবহিত করলেন। তখন তিনি তাদের জন্য মোজা ও পাগড়ীর ওপর মাসেহ করাকে বৈধ করলেন। চাই মোজা চামড়ার হোক বা পশমের হোক বা কাপড়ের টুকরার হোক। সুতরাং এটি একটি প্রমাণিত সুন্নাত। সফর অবস্থায় হোক বা মুকীম অবস্থায় হোক এবং অপারগতার কারণে হোক বা অপারগতা ছাড়া হোক। সর্বাবস্থায় তা বৈধ।

http://www.sunnah.global/hadeeth/bn/show/8391